

ভোয়ের কাগজ

**বাঙালির ঐশ্বর্য ও
বিবর্তন গ্রন্থের
প্রকাশনা অনুষ্ঠান**

কাগজ প্রতিবেদক : বাঙালির 'বিশেষ ও
জাতিসত্তার পরিবর্তিত ইতিহাস' ও
ঐতিহ্যের শেকড় অবেদ্য বৃত্তিত 'বাঙালির
ঐশ্বর্য ও বিবর্তন' নিম্নলিখিত একটি সহজ
সরল সুখপাঠ্য গ্রন্থ। একজন দায়সারা
গোছের লেখকের দৃষ্টিভঙ্গিতে নয়, বরং
দীর্ঘদিনের গবেষণালব্ধ একটি তথ্যবহুল
গ্রন্থ এটি। লেখক রফিকুল ইসলাম চৌধুরী
বাঙালির নৃতাত্ত্বিক বৈশিষ্ট্য থেকে শুরু করে
ভাষা, সাহিত্য, সংস্কৃতি ও রাজনীতির সূত্র
নিকটলো পাঠকের সামনে তুলে ধরেছেন।

গতকাল সুখবার সন্ধ্যায় নগরীর
গ্রন্থভাণ্ডারে গ্রন্থটির প্রকাশনা উৎসবে
আলোচকরা ব্যতিক্রমী এই গ্রন্থ রচনার
জন্য লেখক রফিকুল ইসলাম চৌধুরীকে
ধন্যবাদ জানান। আলোচনা সভায় তারা
বলেন, বাঙালি জাতিসত্তার পরিবর্তন ও
বিবর্তনে সত্যনিষ্ঠ ইতিহাসের ফেলবন্ধন
হিসেবে গ্রন্থটি ব্যাপক ভূমিকা রাখবে।
অধ্যাপক আনিসুজ্জামানের সভাপতিত্বে
গ্রন্থটির প্রকাশনা উৎসবে গ্রন্থটির ওপর
আলোচনা করেন আ স ম আবদুর রব,
আবদুর রাজ্জাক, অধ্যাপক আবুল কাসেম
ফকরুল হক প্রমুখ। এর আগে লেখক
সভাপতির হাতে গ্রন্থটি তুলে দেন।

প্রকাশনা অনুষ্ঠানে অধ্যাপক
আনিসুজ্জামান বলেন, বিশ শতাব্দীর
সামাজিক-রাজনৈতিক কারণে এই জনপদ
বিভক্ত হলেও পৃথিবীর অনেক জাতির
মতো বাঙালিরও রয়েছে অনেক পৌর্য, হীর্য
ও ঐতিহ্যের অক্ষয় ইতিহাস। এই গ্রন্থটি
ডারই ধারাবাহিক ইতিহাস। তিনি সকল
বাঙালির জন্য গ্রন্থটিকে অত্যন্ত মূল্যবান
সম্পদ বলে উল্লেখ করেন। গ্রন্থটির ওপর
আলোচনায় অন্যান্য আলোচকও সর্গুটি
গ্রন্থটির অন্তর্ভুক্ত বিভিন্ন প্রবন্ধগুলোকে
শ্রমলব্ধ ও তথ্যবহুল বলে দাবি করেন।

উল্লেখ্য, ৫৬টি প্রবন্ধ নিয়ে লেখা
'বাঙালির ঐশ্বর্য ও বিবর্তন' গ্রন্থটি প্রকাশ
করেছে ভারতীয় পাবলিকেশন্স। সৃষ্টির
উৎসে গ্রন্থের উৎপত্তি থেকে শুরু করে
বাঙালির পরম ঐশ্বর্য জানল উৎসব,
রাজনীতি অর্থাৎ বাঙালির জীবনচরণের
একটি ধারাবাহিক আলোচনা রয়েছে
গ্রন্থটিতে।